

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮ ১৮
ধর্মনগর, ১৪ নভেম্বর, ২০২৪

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান

উত্তর ত্রিপুরা জেলায় জনজাতিদের আর্থসামাজিক মান উন্নয়নে বিশেষ উদ্যোগ

উত্তর ত্রিপুরা জেলায় ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানে জনজাতিদের আর্থসামাজিক মান উন্নয়নে বিশেষ উদ্যোগ নেওয়া হবে। জেলার যেসমস্ত ভিলেজে ন্যূনতম ৫০০ মানুষের বসবাস এবং এর মধ্যে ৫০ শতাংশ বা তার বেশী জনজাতি অংশের মানুষ রয়েছেন সেই সমস্ত ভিলেজে এই অভিযানে বিশেষ কর্মসূচি রূপায়িত হবে। আজ উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক দেবপ্রিয় বর্ধন একথা জানান।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানে জনজাতি অধ্যুষিত এলাকায় পাকা আবাস, পানীয়জলের সংযোগ, উন্নত সড়ক যোগাযোগ, সৌর বিদ্যুৎ সংযোগ, মোবাইল মেডিক্যাল ইউনিট, আয়ুষ্মান কার্ড, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার সুবিধা পৌছে দেওয়া হবে। তাছাড়াও পাকা অঙ্গনওয়াড়িকেন্দ্র নির্মাণ, ছাত্রাবাস তৈরী, মোবাইল টাওয়ার, বনধন বিকাশ কেন্দ্রের মতো উন্নত পরিকাঠামো গড়ে তোলা হবে। সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, আগামীকাল উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে কাঞ্চনপুর টাউনহলে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ।
